

## জনশক্তি:

কোম্পানির নবসৃষ্ট সাংগঠনিক কাঠামো-২০২৪ অনুযায়ী মোট সংস্থানকৃত জনবল ৩,১৪৯ জনের মধ্যে কর্মকর্তার সংখ্যা ১,৭২৪ এবং কর্মচারীর সংখ্যা ১,৪২৫ জন। উক্ত সাংগঠনিক কাঠামোতে আউটসোর্সিং হিসেবে অনুমোদিত জনবলের সংখ্যা ১৬৫৯ জন। অনুমোদিত মোট জনবলের মধ্যে ৩০ জুন ২০২৫ পর্যন্ত ৯৯০ জন কর্মকর্তা ও ৯১২ জন কর্মচারী এবং আউটসোর্সিং হিসেবে ৪০২ জন জনবল নিয়োজিত রয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে ৫৭ জন কর্মকর্তা ও ৬১ জন কর্মচারী স্বাভাবিক অবসর, ০১ জন কর্মকর্তা ও ০১ জন কর্মচারী বরখাস্ত, ১৪ জন কর্মকর্তা ও ০৫ জন কর্মচারী ষেচ্ছায় অবসর গ্রহণ করেন। একই সময়ে কোম্পানিতে ১১৪ জন কর্মকর্তা নতুন যোগান করেন। এছাড়া, আলোচ্য অর্থবছরে ০১ জন কর্মকর্তা ও ১১ জন কর্মচারীসহ মোট ১২ জন মৃত্যুবরণ করেন। ২০২৪-২৫ অর্থবছরে ২২৯ জন কর্মকর্তা ও ৬১ জনকে কর্মচারী থেকে কর্মকর্তা এবং ৩৩ জনকে কর্মচারীর বিভিন্ন থেডে পদোন্নতি প্রদান করা হয়েছে।

## মানব সম্পদ উন্নয়ন:

দক্ষ মানব সম্পদ এর মাধ্যমে যে কোন প্রতিষ্ঠানের ভিশন ও মিশন অর্জন করা সম্ভব। এক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণ অনস্বীকার্য। কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জ্ঞান, অভিজ্ঞতা ও কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরে কোম্পানির নিজস্ব অর্থায়নে স্বনামধন্য বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক এবং নিজস্ব ব্যবস্থাপনায় দেশে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও সেমিনার আয়োজন করা হয়েছে, যা নিম্নরূপ:

## ২০২৪-২০২৫ অর্থবছরে দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য:

ক্রমিক নং	প্রশিক্ষণের ধরণ	প্রশিক্ষণের সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা
১	স্থানীয় প্রশিক্ষণ	৬২	১০১৫
২	ইন হাউজ প্রশিক্ষণ	১৫	৮১৭
৩	আউট হাউজ প্রশিক্ষণ	৪৬	১৮৫
৪	ইন্টারন্যাশনাল	০১	০১
	মোট	১২৪	২০১৮

## জনবল নিয়োগ সংক্রান্ত তথ্য:

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারী	নিয়োগের সংখ্যা	মন্তব্য
১.	কর্মকর্তা	১১০	সাধারণ, হিসাব ও কারিগরি পদাঙ্গী
২.	কর্মচারী	-	
৩.	আউটসোর্সিং কর্মচারী	-	

## Manpower Growth

(In Number)

